# 2021

## AECC - 1

## MODERN INDIAN LANGUAGE — BENGALI

**Full Marks : 80**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**For B.A./B.Sc./B.Mus. General Candidates**

**সঠিক উত্তরটি চিহ্নিত করো।**

প্রতিটি প্রশ্নের মান - ২ ২×৪০

**1.** 'গুরুমহাশয় শুভংকরী কষাইতেছেন'— যে প্রবন্ধের অংশ—

(A) স্ত্রীজাতির অবনতি (B) অপবিজ্ঞান

(C) স্বদেশী সমাজ (D) বাঙ্গালা ভাষা।

**2.** 'কিন্তু সে চাতক পক্ষীর মতো ঊর্ধ্বের দিকে তাকাইয়া আছে'— যে তাকিয়ে আছে সে হল—

(A) মাতৃভূমি (B) জন্মভূমি

(C) বঙ্গভূমি (D) স্বদেশভূমি।

**3.** আমাদের দেশে চিরকাল আনন্দ-উৎসবের সূত্রে লোককে যা দান করা হয়েছে, তা হল—

(A) আমোদ (B) সাহিত্যরস ও ধর্মশিক্ষা

(C) উৎসাহ (D) প্রাণশক্তি।

**4.** 'যে উৎসবে পল্লী আপনার সমস্ত সংকীর্ণতা বিস্মৃত হয়' সেটি হল—

(A) দুর্গাপূজা (B) দোল

(C) রথযাত্রা (D) মেলা।

**5.** যে প্রবন্ধ অনুযায়ী আমাদের ভাষা 'ঐ এক চাল নকল করে অস্বাভাবিক হয়ে যাচ্ছে', তা হল—

(A) অপবিজ্ঞান (B) স্বদেশী সমাজ (C) বাঙ্গালা ভাষা (D) স্ত্রীজাতির অবনতি।

**6.** 'মীমাংসাভাষ্য দেখ'— মীমাংসাভাষ্য যাঁর লেখা—

(A) পাণিনি (B) পতঞ্জলি (C) শবরস্বামী (D) চাণক্য।

**7.** 'অগস্ত্যমুনির সমুদ্রশোষণের বৈজ্ঞানিক ব্যাখ্যা করিতেছিলেন'—

(A) জগদীশচন্দ্র বসু (B) সি ভি রমন

(C) মেঘনাদ সাহা (D) শশধর তর্কচূড়ামণি।

**8.** যে পদার্থটি 'ইহা কাচতুল্য স্বচ্ছ', সেটি হল—

(A) গাটাপার্চা (B) সেলিউলয়েড (C) গ্যালালিথ (D) ইবনাইট।

**9.** কার উক্তি অনুযায়ী 'আমাদের উপযুক্ত স্কুল কলেজ একপ্রকার নাই'?

(A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) রাজশেখর বসু (C) স্বামী বিবেকানন্দ (D) বেগম রোকেয়া।

**10.** যে প্রবন্ধে বলা হয়েছে 'আমরা সমাজেরই অর্ধঅঙ্গ', সেটি হল—

(A) স্ত্রীজাতির অবনতি (B) অপবিজ্ঞান

(C) স্বদেশী সমাজ (D) বাঙ্গালা ভাষা।

**11.** যে স্থানের 'নিকটে একটি নীলকুঠি আছে' সেটি হল—

(A) রতনপুর (B) রানীহাট (C) উলাপুর (D) মাধবপুর।

**12.** 'তাহার একটি ছোটো ভাই ছিল'— যে চরিত্র সম্পর্কে একথা বলা হয়েছে, সে হল—

(A) পোস্টমাস্টার (B) রতন

(C) শ্রীপতিচরণ বাবু (D) ফটিক।

**13.** 'গ্রাম অতিক্রম করিয়া নদীকূলের শ্মশান দেখা দিয়াছে'— যে গল্পে একথা বলা হয়েছে, সেটি হল—

(A) জীবিত ও মৃত (B) বলাই

(C) ছুটি (D) পোস্টমাস্টার।

**14.** 'আমি বুঝি এখানে একলা বসিয়া থাকিব'। যে লোকটি বলেছিল, সে হল—

(A) বিধু (B) বনমালী (C) নিতাই (D) গুরুচরণ।

**15.** 'তখন তাহার কেমন ভয় করিতে লাগিল।' যার সম্পর্কে বলা হয়েছে, তার নাম হল—

(A) পোস্টমাস্টার (B) রতন (C) ফটিক (D) কাদম্বিনী।

**16.** 'নিশিন্দাপুর যদিও নিকটবর্তী নহে তথাপি তাঁহার গম্য পথেই পড়ে।' এই বক্তব্য অনুযায়ী গম্য স্থান—

(A) ফরাসডাঙা (B) কলকাতা

(C) বংশবাটিকা (D) সপ্তগ্রাম।

**17.** 'ছুটি' গল্পে বালকদের সর্দারের পুরো নাম হল—

(A) মাখন চক্রবর্তী (B) ফটিক চক্রবর্তী

(C) মাখনলাল মুখোপাধ্যায় (D) ফটিকচাঁদ চক্রবর্তী।

**18.** ফটিকের মামা বিশ্বম্ভরবাবুর ছেলে হল—

(A) এক (B) দুই (C) তিন (D) চার।

**19.** যে গাছের 'ছোটো ছোটো চারা বেরিয়েছে, কী সুন্দর তার পাতা', সেটি হল—

(A) আমলকী (B) কালমেঘ

(C) নিম (D) অনন্তমূল।

**20.** 'সে গাছ তো কাটা হয়ে গেছে।' যে গাছের কথা বলা হয়েছে তা হল—

(A) শাল গাছ (B) বকুল গাছ (C) দেবদারু গাছ (D) শিমুল গাছ।

**21.** 'বৈরাগ্য সাধনে মুক্তি' কবিতাটি রবীন্দ্রনাথের যে কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে, তা হল—
(A) মানসী (B) চিত্রা (C) নৈবেদ্য (D) বলাকা।

**22.** 'বসুধার মৃত্তিকার পাত্রখানি ভরি'— এখানে 'বসুধা' শব্দের অর্থ হল—
(A) পৃথিবী (B) বঙ্গভূমি (C) ভারতবর্ষ (D) জীবন।

**23.** 'শতাব্দীর সূর্য আজি' কবিতাটি মূল কাব্যগ্রন্থের যে সংখ্যক কবিতা, তা হল—
(A) ৩০ (B) ৬৪ (C) ৬৫ (D) ৭০।

**24.** 'শতাব্দীর সূর্য আজি' কবিতাটি যে যুদ্ধের পটভূমিকায় রচিত তা হল—
(A) প্রথম বিশ্বযুদ্ধ (B) দ্বিতীয় বিশ্বযুদ্ধ
(C) বুয়র যুদ্ধ (D) ভিয়েতনাম যুদ্ধ।

**25.** 'শতাব্দীর সূর্য আজি' কবিতায় 'দয়াহীন সভ্যতা'কে তুলনা করা হয়েছে যার সঙ্গে তা হল—
(A) বাঘিনী (B) নাগিনী
(C) পঙ্কশয্যা (D) শ্মশানকুক্কুর।

**26.** 'আপনার খাদ্য বলি না করি বিচার জঠরে পুরিতে চায়' যাকে, তা হল—
(A) কাল-ঝঞ্ঝা (B) নিখিলের বিরাট বিধান (C) বিশ্বধরাতল (D) বীভৎস আহার।

**27.** 'তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে' কবিতায় 'রাজাধিরাজ' যাঁকে বলা হয়েছে, তিনি হলেন—
(A) ঈশ্বর (B) ভারতমাতা (C) ব্রিটিশ সরকার (D) প্রধান বিচারপতি।

**28.** 'যেথা তুচ্ছ আচারের__________'—শূন্যস্থানের শব্দটি হল—
(A) ক্ষীণ দুর্বলতা (B) দুর্যোগ-আঁধার
(C) উন্মাদ রাগিণী (D) মরুবালুরাশি।

**29.** 'চিত্ত যেথা ভয় শূন্য উচ্চ যেথা শির' কবিতাটির শেষ পঙ্ক্তি হল—
(A) তব ঘৃণা যেন তারে তৃণসম দহে (B) তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা
(C) ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত (D) চিত্ত যেথা ছিল সেথা এল দ্রব্যরাশি।

**30.** 'শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন'— 'মারী' শব্দের অর্থ—
(A) মড়ক (B) মৃত্যু (C) মহাযুদ্ধ (D) দুর্যোগ।

**31.** Adjournment শব্দটির পরিভাষা হল—
(A) সাঙ্গীকরণ (B) মুলতুবি (C) সংশোধন (D) নিলামডাক।

**32.** Broadcasting শব্দটির পরিভাষা হল—
(A) বিশোধন (B) কৃষি-গণনা (C) সম্প্রচারণ (D) অভিবাসন।

**33.** Elevator শব্দটির পরিভাষা হল—
(A) অনুদান (B) পরিকাঠামো (C) ন্যায়পাল (D) উত্তোলক।

**34.** Linguistics শব্দটির পরিভাষা হল—

(A) আন্তর্জাতিক ভাষা (B) বৃত্তিগত ভাষা
(C) মিশ্রভাষা (D) ভাষাবিদ্যা।

**35.** Notification শব্দটির পরিভাষা হল—

(A) প্রজ্ঞাপন (B) মঞ্জুরি (C) নিবারাজ্ঞা (D) স্মারকলিপি।

**36.** Posthumous শব্দটির পরিভাষা হল—

(A) পাশ্চাত্য (B) কুলুজি (C) মরণোত্তর (D) গণভোট।

**37.** Relativism শব্দটির পরিভাষা হল—

(A) শোধনবাদ (B) অপেক্ষবাদ (C) অভিব্যক্তিবাদ (D) হিতবাদ

**38.** Sanatorium শব্দটির পরিভাষা হল—

(A) জলাধার (B) অধিকারক্ষেত্র (C) স্বাস্থ্যনিবাস (D) পোতনিগম।

**39.** Tradition শব্দটির পরিভাষা হল—

(A) ঐতিহ্য (B) যোজ্যতা (C) লোকায়তিক (D) জনকল্যাণ।

**40.** Vanguard শব্দটির পরিভাষা হল—

(A) ন্যায়রক্ষক (B) বার্তাজীবী (C) যুদ্ধবাজ (D) অগ্রদূত।